

ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০ : ৪৮

আরবি মূল আয়াত:

وَيَقُولُونَ مَتَىٰ هَذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٤٨﴾

Aর্থ অনুবাদসমূহ:

আর তারা বলে, ‘কখন এই প্রতিশ্রূতি (পূর্ণ হবে), যদি তোমরা সত্যবাদী হও?’ — আল-বায়ান

তারা বলে, “তোমরা সত্যবাদী হলে (বল তো) এই প্রতিশ্রূতি কখন সত্য হয়ে দেখা দিবে?” — তাইসিরুল

আর তারা বলেঃ (আমাদের) এই অঙ্গীকার কখন (সংঘটিত) হবে, যদি তোমরা সত্যবাদী হও? — মুজিবুর রহমান

And they say, "When is [the fulfillment of] this promise, if you should be truthful?" — Sahih International

৪৮. আর তারা বলে, যদি তোমরা সত্যবাদী হও, (তবে বল) এ প্রতিশ্রূতি কবে ফলবে?(১)

(১) আল্লাহ তা'আলা এখানে কাফেরদের কুফরির সংবাদ দিয়ে বলছেন যে, কাফেররা যে আল্লাহর আয়াবকে তাড়াতাড়ি চাচ্ছে এবং এর জন্য সুনির্দিষ্ট সময় নির্ধারণের কথা বলছে, এতে তাদের কোন লাভ নেই। অন্যত্রও আল্লাহ এ কথা বলেছেন, ‘যারা এটাতে ঈমান রাখে না তারাই তা ত্বরান্বিত করতে চায়। আর যারা ঈমান এনেছে তারা তা থেকে ভীত থাকে এবং তারা জানে যে, তা অবশ্যই সত্য [সূরা আশ-শূরা: ১৮] আরও বলেন, ‘আর তারা আপনাকে শাস্তি ত্বরান্বিত করতে বলে, অথচ আল্লাহ তার প্রতিশ্রূতি কখনো ভংগ করেন না। আপনার রব-এর কাছে একদিন তোমাদের গণনার হাজার বছরের সমান।’” [সূরা আল-হজ: ৪৭] আরও বলেন, “তারা আপনাকে শাস্তি ত্বরান্বিত করতে বলে, জাহানাম তো কাফিরদেরকে পরিবেষ্টন করবেই।” [সূরা আল-আনকাবুত: ৫৪] তাছাড়া এ সূরার ৫০ নং আয়াতে তাদেরকে রীতিমত সাবধানও করেছেন।

তাফসীরে জাকারিয়া

(৪৮) আর তারা বলে, ‘যদি তোমরা সত্যবাদী হও (তাহলে বল), এই অঙ্গীকার কখন (পূর্ণ) হবে?’

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1412>